কানাইঘাটে ১৪ দিন থেকে থেকে যুবক নিখোঁজ, থানায় সাধারণ ডায়রি

কানাইঘাট প্রতিনিধি: কানাইঘাট উপজেলার ৮নং ঝিংগাবাড়ী ইউনিয়নের পাত্রমাটি গ্রামের এক যুবক গত ১৪ দিন ধরে নিখোঁজ রয়েছে। নিখোঁজ অলিউর রহমান (৩১) ওই গ্রামের মরহুম খলিলুর রহমানের পুত্র এবং সে একজন মানসিক রোগী। জানা যায়,
গত ৩১ শে আগস্ট, মঙ্গলবার সন্ধ্যা ৬ ঘটিকার দিকে সিলেট যাওয়ার কথা বলে বাড়ী থেকে বের হয়ে গেলে এখন পর্যন্ত সে আর ফিরে আসে নি। তার সাথে কোনো মোবাইল না থাকায় যোগাযোগও করতে পারছেন না পরিবারের লোকজন। অনেক খোঁজাখুজির পরও তার সন্ধান মিলছে না। কোনো সুহৃদয়বান ব্যাক্তি উক্ত ব্যাক্তির সন্ধান পেলে উপরোক্ত নাম্বারে যোগাযোগের অনুরোধ রইল।
এ বিষয়ে অলিউর রহমানের মা ছায়ারুন নেছা
কানাইঘাট থানায় একটি সাধারণ ডায়রি করেছেন।
কানাইঘাট থানায় জিডি নং-৫১৫। অলিউর রহমানের উচ্চতা ৫ ফুট ৮ ইঞ্চি, গায়ের রং শ্যামলা, ডান গালে কাটা দাগ রয়েছে। নিখোঁজের আগে তার পরনে ছিলো লাল টি শার্ট ও কফি কালার প্যান্ট ও হাতে শপিং ব্যাগ ছিল। কোন সুহৃদ ব্যক্তি ছেলেটির সন্ধান পেলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে। জরুরী যোগাযোগঃ 01718601321(আলা উদ্দিন, সম্পর্কে মামা)।